

(Teaching strategy) কী এবং কতটা সামঞ্জস্যপূর্ণ হবে?

পাঠক্রম রচনার মডেল

(Models of Curriculum Development)

পাঠক্রমের সংজ্ঞা, প্রকারভেদ, নানাপ্রকার ভিত্তি, পাঠক্রমের তত্ত্ব এবং পদ্ধতিগত দিক সম্বন্ধে জানার পর কোনো কোনো পাঠকের মনে হতে পারে শিক্ষার্থীর শিখন প্রক্রিয়া, বিষয়বস্তু, শিক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি, শিখনের অন্তিমফল, পাঠক্রমের এই সমস্ত উপাদানগুলির সামগ্রিক সমন্বয় কীভাবে হয়? এই দিকটি নিয়ে শিক্ষা বিজ্ঞানীরা যে চিন্তা ভাবনা করেছেন সেগুলি এক একটি মডেল হিসাবে পাঠক্রম বিজ্ঞানে স্থান পেয়েছে। এখানে প্রধানত তিনটি মডেল সম্বন্ধে সংক্ষেপে উল্লেখ করা হল।

• টাবার মডেল (Taba's Model)

এই মডেলের জনক Hilda Taba (1962)। তাঁর গবেষণা ও পরীক্ষা নিরীক্ষার ভিত্তি ছিল বিখ্যাত আরোহী শিক্ষণ পদ্ধতি (Inductive teaching strategy), যা পরবর্তীকালে যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হয়। তিনটি প্রাথমিক ধারণার ভিত্তিতে তিনি তার পদ্ধতি উদ্ভাবন করেন।

- চিন্তা করার প্রক্রিয়া শিক্ষণযোগ্য।
- চিন্তা হল তথ্য ও (তথ্য সংগ্রহকারী) ব্যক্তির মধ্যে প্রত্যক্ষ আদান প্রদানের সক্রিয় প্রক্রিয়া। শিক্ষক, বাইরে থেকে আসা তথ্যের (data) আত্মস্থ করা ও ধারণাগঠন করার ক্ষেত্রে শিক্ষার্থীদের এমনভাবে সাহায্য করতে পারেন যে ধীরে ধীরে তারা প্রত্যক্ষ সহায়তা ছাড়াই জটিল মানসিক প্রক্রিয়া সম্পাদন করতে সক্ষম হয়।
- চিন্তার গতিপথ একটি নির্দিষ্ট ক্রমানুসারে অগ্রসর হয়, যে ক্রমটির অন্যথা বা বিপরীতমুখী হওয়া সম্ভব নয়।

সুতরাং পাঠক্রম ও সংশ্লিষ্ট শিক্ষণ কৌশল একটি নির্দিষ্ট চিন্তার ক্রমানুসারে পরিচালিত হওয়া উচিত।

Hilda Taba-র মতে সাতটি ধাপে পাঠক্রম রচনার মডেলকে বর্ণনা করা যেতে পারে।

- **চাহিদার চিহ্নিতকরণ (Diagnosis of needs)**—

(১) উদ্দিষ্ট শিক্ষার্থী কারা?

(২) তাদের বৈশিষ্ট্য কী?

(৩) তাদের সামাজিক, মানসিক, অর্থনৈতিক ও ব্যক্তিগত চাহিদার প্রকৃতি কী?

- **উদ্দেশ্য নির্ধারণ (Formulation of objectives)**

(১) পাঠক্রমের মাধ্যমে তাদের মধ্যে কোন কোন গুণ বা বৈশিষ্ট্যের বিকাশ হবে?

(২) উক্ত বাঞ্ছিত বিকাশের পর্যায়ক্রমিক গতিপথ কী?

- **বিষয় নির্বাচন (Selection of Content)**

উপরোক্ত উদ্দেশ্য সাধনের লক্ষ্যে, অর্থাৎ বাঞ্ছিত বিকাশের প্রকৃতি অনুযায়ী কোন কোন বিষয়, অভিজ্ঞতা, জ্ঞান, সক্রিয়তা, দক্ষতা ইত্যাদি প্রয়োজন বা উপযুক্ত?

- **বিষয়ের সংগঠন (Organization of content)**

বিকাশের গতি এবং উদ্দেশ্যের ক্রমপর্যায় অনুযায়ী নির্বাচিত বিষয়গুলির পারস্পর্য নির্ণয় করা।

- **শিখন অভিজ্ঞতার নির্বাচন (Selection of learning experiences)**

- (১) শিক্ষার্থী কীভাবে নির্বাচিত বিষয়গুলির সঙ্গে মিথস্ক্রিয়া করবে?
- (২) মিথস্ক্রিয়ার ফলে কী ধরনের কোন কোন অভিজ্ঞতায় তার চিন্তা সমৃদ্ধ হবে?

• শিখন সংশ্লিষ্ট সক্রিয়তার সংগঠন (**Organization of learning activities**)

অভিজ্ঞতা অর্জনের জন্য যে সক্রিয়তা (দৈহিক, বৌদ্ধিক, অনুভবমূলক) তার ক্রমপর্যায় স্থির করা।

• মূল্যায়নের পদ্ধতি (**Method of evaluation**)

- (১) কোন পদ্ধতিতে উদ্দেশ্য সাধনের সাফল্য নির্ণয় করা হবে?
- (২) কোন পদ্ধতি অবলম্বন করে শিক্ষার্থীর অর্জিত অভিজ্ঞতার প্রকৃতি ও মান পরিমাপ করা হবে?

লক্ষণীয় বিষয়, ইতিপূর্বে পাঠক্রমের নক্সা তৈরি ও পাঠক্রম রচনার পদ্ধতি সম্বন্ধে যে বিবরণ দেওয়া হয়েছে মূলত তা Taba-র মডেল দ্বারা যথেষ্ট প্রভাবিত। কিন্তু এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয় এইটুকুই যে শিখন ও শিক্ষণের আরোহী মডেল অনুযায়ী শিক্ষার্থীর চিন্তাশক্তির বিকাশ সাধন পাঠক্রমভিত্তিক অভিজ্ঞতার মাধ্যমে করতে হলে, উপরোক্ত সাতটি ধাপের প্রতিটি সেই অভিমুখে পরিচালিত হওয়া উচিত।

• চাহিদার মানাংক...